# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৯৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - খাদ্যদ্রব্য গুদামজাত করা

## আরবী

عَنْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْجَالِبُ مَرْزُوقٌ والمحتكر مَلْعُون» . رَوَاهُ ابْن مَاجَه والدارمي

## বাংলা

২৮৯৩-[২] ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, তিনি বলেছেনঃ আমদানীকারক ভাগ্যবান (জীবিকাপ্রাপ্ত) হবে এবং গুদামজাতকারী অভিশপ্ত (বরকতবিহীন) হবে। (ইবনু মাজাহ, দারিমী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ২১৫৩, দারিমী ২৫৪৮, য‘ঈফ আল জামি‘ ২৬৪৫, য‘ঈফ আত্ তারগীব ১১০১। কারণ এর সনদে ‘আলী বিন সালিম বিন সাওবান ও ‘আলী বিন যায়দ বিন জুদ্‘আন উভয়েই দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘ব্যবসায় কোনো পাপ সংঘটিত হওয়া ছাড়াই লাভবান হওয়া যায়।’’ অন্যদিকে খাদ্য গুদামজাতকরণে কল্যাণ থেকে বঞ্চিত হয়ে পাপের দিকে নিমজ্জিত হয় এবং খাদ্য গুদামজাতকারীর জন্য কোনো বরকত হাসিল হয় না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68220

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন